



WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours Part-III Examination, 2020

বাংলা

ষষ্ঠ পত্র

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৫০

প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে।
পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।

নিম্নলিখিত যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও

১৫×৩=৪৫

- ১। ‘পুতুলনাচের ইতিকথা’ উপন্যাসে মানবমনের নিগূঢ় রহস্য প্রতীকী ব্যঞ্জনায়ে নামকরণকে কীভাবে সার্থক করে তুলেছে আলোচনা করো। ১৫

অথবা

- ‘পুতুলনাচের ইতিকথা’ উপন্যাসে শশী ও কুসুম চরিত্রদুটির পারস্পরিক সম্পর্কগত জটিলতা ও অন্তর্জীবনের ইতিকথার স্বরূপ বিশ্লেষণ করো। ১৫

- ২। “ ‘অরণ্যের অধিকার’ উচ্চবর্ণীয় অত্যাচারের বিরুদ্ধে নিম্নবর্ণের মানুষদের মানবিক অধিকারের লড়াই” — মন্তব্যটি বিচার করো। ১৫

অথবা

- ‘অরণ্যের অধিকার’ উপন্যাসের ভূমিকায় ঔপন্যাসিক বলেছেন ‘জীবন, বিদ্রোহ, যা কিছু চলমান তার সত্যতা কোন কালে কোন দেশে নেতার মৃত্যুতে শেষ হয় না।’ বিরসা মুন্ডার মৃত্যুও তাই — আলোচনা করো। ১৫

- ৩। অতিপ্রাকৃতের বাতাবরণ না মনোলোকের গহন বিকার কোনটি ‘নিশীথে’ গল্পে প্রাধান্য পেয়েছে বুঝিয়ে দাও। ১৫

অথবা

- ‘আমি এই এক রাতে মহাপ্রলয়ের তীরে দাঁড়াইয়া অনন্ত আনন্দের আশ্বাদ পাইয়াছি।’ – ‘একরাত্রি’ গল্পে অবলম্বনে বক্তার মনোভাবটি ব্যক্ত করো। ১৫

- ৪। ‘ফসিল’ গল্পে মি. মুখার্জী মধ্যবিত্তের স্ব-বিরোধী মানসিকতায় আক্রান্ত ট্রাজিক চরিত্র — আলোচনা করো। ১৫

অথবা

- ‘ঘর’ ও ‘বাহির’ দুয়ের দ্বন্দ্বৈক্যবিশিষ্ট আরতির জীবনের লড়াই ‘অবতরণিকা’ গল্পে অবলম্বনে বিশ্লেষণ করো। ১৫

- ৫। ‘মতিলাল পাদরী’ গল্পে নাম চরিত্রটির মানসিক পরিস্থিতির ইতিহাস বিবৃত করো। ১৫
- অথবা
- এক সর্বক্ষয়ী সমাজের ব্যঞ্জনা কীভাবে ‘স্টীলের চঞ্চু’ গল্পে প্রকাশিত হয়েছে তা বিশ্লেষণ করো। ১৫
- নিম্নলিখিত যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও ৫×১ = ৫
- ৬।(ক) ‘এই তোমার উঠতি পসারের সময়, এখনই একটা বদনাম রটে গেলে – এও কি তোমায় বলে দিতে হবে?’ – কে কার উদ্দেশ্যে মন্তব্যটি করেছে? বদনাম বলতে কী বোঝানো হয়েছে? বক্তার এরূপ আশংকার কারণ কী? ২+১+২=৫
- অথবা
- ‘আকাশের মেঘ কমে নদীর জল বাড়ে – নইলে কি জগৎ চলে ছোটবাবু!’ – বক্তা কে? ‘ছোটবাবু’ বলতে কাকে বোঝানো হয়েছে? বক্তার উক্তি কীভাবে কোন দিকটির ইঙ্গিত করা হয়েছে? ১+১+৩=৫
- (খ) ‘আপনিই বললেন বীরসা কলেরায় মারা গেছে।’ – কে কাকে একথা বলেছে? কলেরায় মারা যাবার পেছনে প্রকৃত ইতিহাসটি সংক্ষেপে উল্লেখ করো। ২+৩ = ৫
- অথবা
- ‘তোকে একঘরা করায় দেব রে বীরসা। তুই পিশাচ হয়ে গিয়াছিস। আর মানুষ নাই।’ – কে কাকে একথা বলেছে? বক্তা কেন পিশাচ হয়ে যাবার কথা উল্লেখ করেছে? ২+৩ = ৫
- (গ) ‘তাহার জন্মনক্ষত্র তাকে গৃহহীন করিয়া দিয়াছে।’ – কোন্ গল্প থেকে উদ্ধৃতাংশটি নেওয়া হয়েছে? কার সম্পর্কে এরূপ মন্তব্য করা হয়েছে? উক্তিটির নিহিতার্থ ব্যাখ্যা করো। ১+১+৩=৫
- অথবা
- ‘আমি শাস্ত্র মিলিয়ে পতিব্রতাগিরি করতে বসিনি।’ – কে কাকে একথা বলেছে? বক্তার কাছে পতিব্রতাগিরির স্বরূপ কী? ২+৩ = ৫
- (ঘ) ‘ঐ বোটের পরমায়ু আছে।’ – কে কার উদ্দেশ্যে বলেছে? বোটের পরমায়ু থাকার তাৎপর্য উল্লেখ করো। ২+৩ = ৫
- অথবা
- ‘বসতবাড়ি ভাড়া দিয়েছি বলে ভোটের তালিকায় নাম থাকবে না আমার!’ – কোন্ গল্পের অংশ? উক্তিটি কার? উদ্ধৃতাংশটির প্রসঙ্গ উল্লেখ করো। ১+১+৩=৫
- (ঙ) ‘মদন পেঁপে চারাটা চুরি করে নিয়ে যায়নি। আমার বারবার মনে হচ্ছিল পেঁপে চারাটাই মদনকে আমাদের বাড়ি থেকে চুরি করে নিয়ে গেছে।’ – কে, কখন এই উক্তি করেছে? বক্তার এরূপ মনোভাবের কারণ কী? ২+৩ = ৫
- অথবা
- ‘আসলে আমরা দুজনেই আমাদের অনেক আকাঙ্ক্ষা পরস্পরের কাছে গোপন করে যাচ্ছি, নিজের কাছে মনঃ থাকার তাড়নায় পরস্পর ছদ্মবেশ পরেছি।’ – কোন্ গল্পের অংশ? দুজন বলতে কাদের কথা বলা হচ্ছে? বক্তার মনোভাবটি ব্যাখ্যা করো। ১+২+২=৫

—x—